

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২৮

আগরতলা, ২২ জুন, ২০২২

বড়তলা বাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

উনকোটি জেলার কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন পশ্চিম মসাইলি উপস্বাস্থ্যকেন্দ্রের অধীন বড়তলা বাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মোট ২৭ জন এলাকাবাসী উপস্থিত ছিলেন। স্বাস্থ্যকর্মীরা উক্ত অনুষ্ঠানে শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, নবজাত শিশুর যত্ন নেওয়া, রক্তচাপতা রোধে আয়রন ফলিক অ্যাসিড টেবলেট সেবন, আয়োডিন ঘাটতিজনিত স্বাস্থ্য সমস্যা ও তার প্রতিরোধের উপায়, আয়ুষ্স্বান ভারত প্রকল্পের সুবিধা গ্রহণ, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন। অনুষ্ঠানের শেষে উপস্থিত সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়।

এছাড়াও গত ১৬ জুন এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। তাতে মোট ২৫ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। এদের মধ্যে জ্বরের উপসর্গ ছিল চার জনের এবং পেটের সমস্যা ছিল দুই জনের। এই শিবিরে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার আগমনী দেব, এমপিডব্লিও অর্পিতা ধর ও এলাকার আশাকর্মী। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
